

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
তদন্ত ও শৃঙ্খলা শাখা  
মিরপুর-২, ঢাকা-১২১৬  
www.dpe.gov.bd

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৩০০.২৭.১৫৯.২০-২৭৬

তারিখ: ০৮ জুলাই ১৪০০  
২২ জুন ২০২৩

আদেশ

যেহেতু, জনাব মন্থ রায়, সহকারী কাম হিসাবরক্ষক, উপজেলা শিক্ষা অফিস, মাগুরা সদর, মাগুরা (প্রাক্তন উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, চুয়াডাঙ্গা)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ অনুযায়ী অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে ৩য় শ্রেণি/বিমা/০৬/১৮/৩০৬, তারিখ: ০৬/০৫/২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তার লিখিত জবাব ও ব্যক্তিগত স্তনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্তের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তার লিখিত জবাব ও ব্যক্তিগত স্তনানিতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সার্বিক বিবেচনায় বর্ণিত কর্মচারী-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২) (খ) অনুযায়ী "০১ (এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি (০৫) বছরের জন্য স্থগিত" দস্ত আরোপ করা হয়;

যেহেতু, জনাব মন্থ রায়, সহকারী কাম হিসাবরক্ষক, উপজেলা শিক্ষা অফিস, মাগুরা সদর, মাগুরা (প্রাক্তন উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, চুয়াডাঙ্গা)- উক্ত দস্তের বিরুদ্ধে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় মহোদয় বরাবর আপিল করেন।

যেহেতু, তার বিভাগীয় মামলার মূল নথি, অভিযোগনামার লিখিত জবাব, আপিল স্তনানিতে প্রদত্ত বক্তব্য ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনায়- উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে অশোভনীয়, অর্থাৎ বিনিময়ে শিক্ষকদের বিভিন্ন কাজ করা এবং ১৫,০০০/- উৎকোচ গ্রহণের মাধ্যমে এক জন সহকারী শিক্ষককে সুবিধা জনক জায়গায় পদায়নের অভিযোগ প্রমাণিত বলা হলেও তথ্য প্রমাণক ভিত্তিক নয় বিধায় সচিব মহোদয় তাকে প্রদত্ত "০১ (এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি (০৫) বছরের জন্য স্থগিত" দস্ত মওকুফ করার সিদ্ধান্ত নেন।

সেহেতু, জনাব মন্থ রায়, সহকারী কাম হিসাবরক্ষক, উপজেলা শিক্ষা অফিস, মাগুরা সদর, মাগুরা (প্রাক্তন উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, চুয়াডাঙ্গা)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৭(২)(ক) মোতাবেক বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

শাহ রেজওয়ান হায়াত  
মহাপরিচালক (গ্রেড-১)  
টেলিফোন: ০২-৫৫০৭৪৭৭৭  
ই-মেইল: dgprimarybd@gmail.com  
তারিখ: ০৮ জুলাই ১৪০০  
২২ জুন ২০২৩

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৩০০.২৭.১৫৯.২০- ২৭৬ (৩২)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: উপ-সচিব (প্রশাসন-১)
২. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।
৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মাগুরা/চুয়াডাঙ্গা।
৫. শেখ সাইদুর রহমান, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপন/আদেশ ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৬. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মাগুরা।
৭. উপজেলা শিক্ষা অফিসার, সদর, মাগুরা।
৮. জনাব মন্থ রায়, সহকারী কাম হিসাবরক্ষক, উপজেলা শিক্ষা অফিস, সদর, মাগুরা।
৯. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. সংরক্ষণ নথি।

ড. নাছিমা বেগম  
উপপরিচালক  
তদন্ত ও শৃঙ্খলা শাখা  
email: inquirycelldpe@gmail.com